# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

## বিজ্ঞপ্তি

স্মারক নং-৬৯৫ তারিখঃ ৩১/০১/১৬

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়-এর অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৪.১২.৭৪৪; তারিখঃ ১৯/০১/২০১৬ খ্রিঃ এ বর্ণিত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (সাধারণ-মাদরাসা-কারিগরি-ইংরেজী মাধ্যম) নিরাপত্তা নিশ্চিতকরণ সংক্রান্ত পরিপত্র অনুসরণ করার অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

৩১/০১/২০১৬

ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

সংযুক্তিঃ শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শাখা-১১ (মাধ্যমিক-২)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৪.১২.৭৪৪

তারিখ ঃ ০৬ মাঘ ১৪২২ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়ঃ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (সাধারণ-মাদরাসা-কারিগরি-ইংরেজি মাধ্যম) নিরাপত্তা নিশ্চিতকরণ।**

সরকার গভীর উদ্বেগের সাথে লক্ষ করছে যে, ঢাকা মহানগরসহ অন্যান্য মহানগরী এবং জেলা সদরে স্থাপিত শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা মানসম্মত নয়। বিভিন্ন সময়ে নানা কারণে সৃষ্ট নাজুক পরিস্থিতিতে স্পর্শকাতর এ সব শিক্ষা প্রতিষ্ঠানে অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে এবং ছাত্র শিক্ষক এবং অভিভাবক মহলে উদ্বেগ-উৎকণ্ঠার সৃষ্টি হয়। ফলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত পাঠদান বিঘ্নিত হয়, শিক্ষা শৃঙ্খলা লংঘিত হয় এবং সম্পদ ও জীবন ঝুঁকির মধ্যে পতিত হয়।

০২। বর্ণিতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ে প্রতিষ্ঠানসমূহের সার্বিক নিরাপত্তা সংক্রান্ত একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রাপ্ত মতামতের ভিত্তিতে এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে জারিকৃত জরুরি বিজ্ঞপ্তির সাথে সামঞ্জস্য রেখে নিম্নে বর্ণিত নির্দেশনা সম্বলিত পরিপত্র জারি করা হলো:

(১) প্রতেক্যটি গেটে স্কুলের ব্যবস্থাপনায় ইউনিফর্মধারী নিরাপত্তা প্রহরী অথবা প্রয়োজনীয় ক্ষেত্রে আনসার মোতায়ন রাখতে হবে;

(২) সবুজ বেষ্টনী দ্বারা পরিবেষ্টিত হতে হবে;

(৩) ক্লাশ চলাকালীন শিক্ষক-কর্মচারী ব্যতীত অন্যদের প্রতিষ্ঠানে অবস্থান নিয়ন্ত্রণ করতে হবে;

(৪) ডাইনামিক ওয়েব সাইট থাকতে হবে। একটি ওয়েব মেইল, ই-মেইল আইডি এবং নির্দিষ্ট মোবাইল নম্বর (হট লাইন) সকল ছাত্র, শিক্ষক, অভিভাবককে প্রদান করতে হবে যাতে নিরাপত্তা সংক্রান্ত কোন ঝুঁকির খবর আদান প্রদান করা যায়;

(৫) নিকটস্থ থানা-ফাঁড়ি, ফায়ার ব্রিগেড ও শিক্ষা দপ্তরের ফোন নম্বরসমূহ প্রতিষ্ঠানের বিভিন্ন স্থানে বড় হরফে প্রদর্শন করতে হবে;

(৬) শিক্ষকদের সমন্বয়ে সার্বিক নিরাপত্তা সংক্রান্ত একটি ভিজিলেন্স টিম গঠন করবে এবং টিম মাসে এক বা একাধিক সভায় মিলিত হয়ে সার্বিক বিষয়ে রিপোর্ট তৈরি সহ করণীয় নির্ধারণ করবে;

(৭) নিজ নিজ স্থাপনা, ভবন, পথ এবং চার পার্শ্বের রাস্তা ইত্যাদির ম্যাপ তৈরি করে স্কুলের ভিতরে বড় বোর্ডে তা দৃশ্যমান স্থানে প্রদর্শন করবে;

(৮) তাদের নিরাপত্তা ঝুঁকি এবং করণীয় বিষয়ে ছাত্র, শিক্ষক, অভিভাবকদের মধ্যে লিফলেট বিতরণের মাধ্যমে সচেতনতা সৃষ্টি করবে;

(৯) নিরাপত্তা বিঘ্নকারী বা নিরাপত্তা ঝুঁকির কারণ ঘটলে বা সম্ভাবনা দেখা দিলে নিকটস্থ থানা/ফাঁড়ি এবং আইন শৃঙ্খলা বাহিনীর তাৎক্ষণিক দৃষ্টিগোচরে আনতে হবে;

(১০) কোন পুকুর থাকলে তা ঝুঁকিমুক্ত অবস্থায় রাখতে হবে;

(১১) ল্যাবরেটরি ব্যবহারের সময় রাসায়নিক দ্রব্য ব্যবহারে ও বর্জ্য ব্যবস্থাপনায় সর্তকর্তা অবলম্বন করতে হবে;

চলমান-

(১২) ভূমিকম্পের ঝুঁকি সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় অবগত রাখতে হবেঃ

(ক) ভূমিকম্প অনুভূত হলে কেউ আতঙ্কিত হবেন না;

(খ) ভূকম্পনের সময় টেবিল, ডেস্ক বা শক্ত কোন আসবাবপত্রের নিচে আশ্রয় নিতে হবে;

(গ) গ্যাসের চুলা যদি থাকে বন্ধ করে দ্রুত কক্ষ হতে বেরিয়ে আসতে হবে;

(ঘ) বীম, কলাম ও পিলার ঘেঁষে আশ্রয় নিতে হবে;

(ঙ) স্কুল ব্যাগ মাথায় দিয়ে শক্ত বেঞ্চ অথবা শক্ত টেবিলের নিচে আশ্রয় গ্রহণ করতে হবে;

(চ) ভাংগা দেয়ালের নিচে চাপা পড়লে বেশি নড়া চড়ার চেষ্টা করবেন না। কাপড় দিয়ে মুখ ঢেকে রাখতে হবে, যাতে ধুলা বালি শ্বাস নালিতে না ঢোকে তা খেয়াল রাখতে হবে;

(ছ) একবার কম্পন হওয়ার পর আবারও কম্পন হতে পারে। তাই সুযোগ বুঝে বের হয়ে খালি জায়গায় আশ্রয় নিতে হবে;

(জ) উপর তলায় থাকলে কম্পন বা ঝাঁকুনি না থামা পর্যন্ত অপেক্ষা করতে হবে। তাড়াহুড়ো করে লাফ দিয়ে বা লিফ্‌ট ব্যবহার করে নামা থেকে বিরত থাকতে হবে;

(ঝ) কম্পন বা ঝাঁকুনি থামলে সিঁড়ি দিয়ে দ্রুত বেরিয়ে পড়তে হবে এবং খোলা আকাশের নিচে অবস্থান নিতে হবে;

(ঞ) ব্যাটারিচালিত রেডিও, টর্চলাইট, পানি এবং প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম শিক্ষা প্রতিষ্ঠানে রাখতে হবে;

(১৩) মাল্টিমিডিয়ার মাধ্যমে দুর্যোগকালীন করণীয় বিষয় ক্লাশসমূহে প্রদর্শন করতে হবে;

(১৪) ভূমিকম্প প্রস্তুতির মহড়ার আয়োজন করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/ সিলেট/বরিশাল/ কুমিল্লা/ চট্টগ্রাম/ দিনাজপুর।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)......................।
৭. জেলা শিক্ষা অফিসার(সকল) ......(সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
৮. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .......................(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৪.১২.৭৪৪

তারিখ ঃ ০৬ মাঘ ১৪২২ বঙ্গাব্দ / ১৯ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কারিগরি/মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৪. যুগ্ম-সচিব (কলেজ/মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কারিগরি ও মাদরাসা/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক(সকল)....(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(সালমা জাহান)
উপসচিব
ফোনঃ ৯৫৫০৩৪১

E:\Sec_11\D_D\Md. Abu Alom Khan\Poripottro.doc